

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩২.১৬-

তারিখ-----।

আদেশ

যেহেতু, জনাব মোঃ নজরুল ইসলাম, ক্রেডিট সুপারভাইজার, থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর ধানমন্ডি ইউনিট থানা, ঢাকা-এর বিরুদ্ধে অননুমোদিতভাবে প্রধান কার্যালয়ে আগমন এবং অধিদপ্তরের বিভিন্ন কর্মকর্তার কক্ষে প্রবেশ করে ঔদ্ধত্যপূর্ণ আচরণের অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধান মতে অত্র দপ্তরের ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখে ১৮২ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করায় তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে তিনি জানান যে, ঘটনার দিন তিনি যুব ভবনের মেতলায় ছিলেন। কর্মচারী নেতৃবৃন্দ উক্ত ফ্লোরে ছিলেন। কর্মচারী নেতৃবৃন্দ তাকে ডাকলে তিনিও উপ-পরিচালক(প্রশিক্ষণ), জনাব মাসুদা আকন্দ-এর কক্ষে প্রবেশ করেন। উপ-পরিচালক(প্রশিক্ষণ)-এর সাথে কর্মচারী নেতৃবৃন্দ প্রশিক্ষণ সংক্রান্ত কথা বলেন। এক পর্যায়ে বিষয়টি উচ্চবাচ্যের পর্যায়ে চলে গেলে নেতৃবৃন্দের সাথে তিনিও উপ-পরিচালক(প্রশিক্ষণ)-এর কক্ষ ত্যাগ করেন। ঔদ্ধত্যপূর্ণ কিংবা উচ্চশৃঙ্খল কোন কিছু ঘটে দেখেননি। এছাড়া উপ-পরিচালক(প্রশিক্ষণ)-এর সাথে তার নিজের কোন কথাও হয়নি। সর্বশেষ তিনি তার অনিচ্ছাকৃত ভুল হলে ক্ষমা সুন্দর দৃষ্টি কামনা করেন। শুনানীকালে অফিস শৃঙ্খলার পরিপন্থি কোন কাজ যাতে তার দ্বারা না ঘটে সে জন্য তাকে মৌখিকভাবে সতর্ক করা হয়েছে;

০৩। যেহেতু, বিভাগীয় মামলায় তার লিখিত জবাব, শুনানীকালীন বক্তব্য, নথি পর্যালোচনা এবং অফিসের সুষ্ঠু কর্মপরিবেশ বজায় রাখার স্বার্থে সকল দিক বিবেচনায় তাকে চলমান এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) সেহেতু, এক্ষণে জনাব মোঃ নজরুল ইসলাম, ক্রেডিট সুপারভাইজার, থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর ধানমন্ডি ইউনিট থানা, ঢাকা-কে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে


স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩২.১৬-৩১

তারিখ-০৬-০২-২০১৭।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা জেলা।
- ০২। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো
- ০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ধানমন্ডি ইউনিট থানা, ঢাকা।
- ০৪। জনাব মোঃ নজরুল ইসলাম, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, ধানমন্ডি ইউনিট থানা, ঢাকা।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। অফিস কপি।


(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯